দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 09 APR 2018 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

# ইউজিসি ডিজিটাল লাইব্রেরি ইউজার ট্রেনিং বিষয়ে কর্মশালা

'ইউজিসি ডিজিটাল লাইব্রেরি ইউজার ট্রেনিং' শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা রবিবার ইউজিসি অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। অনলাইনভিত্তিক প্রকাশনা সংস্থা ওয়াইলির সহযোগিতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন দেশের বিভিন্ন পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়সহ জাতীয় পর্যায়ের কিছু প্রতিষ্ঠানের লাইব্রেরিয়ানদের জন্য এ প্রশিক্ষণের আয়োজন করে।

প্রফেসর আবদুল মান্নান, চেয়ারম্যান, ইউজিসি, অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। ইউজিসি সদস্য প্রফেসর ড. আখতার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ইউজিসি সচিব ড. খালেদ। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন আবদুল্লাহ আল হাসান চৌধুরী, অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয় ও ড. গৌরাঙ্গ চন্দ্র মোহন্ত, এনডিসি, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উচ্চশিক্ষা মানোন্নয়ন প্রকল্প। ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, প্রফেসর ড. দিল আফরোজা বেগম ও কমিশনের বিভাগীয় প্রধানগণ কর্মশালায় উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে ইউজিসি চেয়ারম্যান বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকদের জ্ঞান, দক্ষতা এবং সৃজনশীলতা বৃদ্ধিতে ই-রিসোর্সের ব্যবহারের ওপর গুরুত্বারোপ করেন। তিনি উল্লেখ করেন যে, দেশে ই-রিসোর্সের চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে এবং ডিজিটাল লাইব্রেরি দক্ষ মানবসম্পদ তৈরিতে নতুন জ্ঞান সৃজনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি আরও বলেন, দেশের উন্নয়নে দক্ষ মানবসম্পদ এবং উদ্ভাবনীশক্তি খুবই প্রয়োজন।

সভাপতির ভাষণে প্রফেসর আখতার হোসেন ই-কনটেন্টের যথাযথ ব্যবহারের ওপর গুরুত্বারোপ করেন। দেশের উচ্চশিক্ষা এবং গবেষণার উৎকর্ষতা সাধনে ইউজিসি ডিজিটাল লাইব্রেরি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমানে দেশের ৮৬টি বিশ্বদ্যািলয়সহ ৯০টি প্রতিষ্ঠান ইউজিসি ডিজিটাল লাইব্রেরির মাধ্যমে ৩৫ হাজারের অধিক উচ্চমানসম্পন্ন ই-রিসোর্স ব্যবহার করছে। ওয়াইলিসহ ১৪টি অনলাইন সংস্থা প্রতিষ্ঠানসমূহকে ই-রিসোর্স সরবরাহ করছে।

-বিজ্ঞপ্তি